

স্মারক নং বাউবি/এসওই/ **বিএমএড/১০৩৪/১২৩৬৬-২৫/২২৫** তারিখ: ০৪-০৩-২০২৫

আঞ্চলিক পরিচালক/উপ-আঞ্চলিক পরিচালক

আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্র

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

ঢাকা/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/বগুড়া/যশোর/খুলনা/বরিশাল/ফরিদপুর/পাবনা

বিষয়: বিএমএড প্রোগ্রামে ২০২৫ শিক্ষাবর্ষে (ব্যাচ-২০২৫) ১ম সিমেন্টারে ভর্তিকৃত শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠানের তারিখ ও সময় অবহিতকরণ প্রসঙ্গে।

জনাব

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাউবির স্কুল অব এডুকেশন পরিচালিত বিএমএড প্রোগ্রামে ২০২৫ শিক্ষাবর্ষে (ব্যাচ-২০২৫) ১ম সিমেন্টারে ভর্তিকৃত শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম আগামী ১৫-০৩-২০২৫ তারিখ শনিবার সকাল ১০:০০টায় স্ব স্ব স্টাডি সেন্টারে অনুষ্ঠিত হবে। বিষয়টি সংশ্লিষ্ট স্টাডি সেন্টারের সমন্বয়কারী, টিউটর ও শিক্ষার্থীদেরকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল। উক্ত ওরিয়েন্টেশন প্রোগ্রামে স্কুল অব এডুকেশন, বাউবি কর্তৃক মনোনীত একজন শিক্ষক প্রধান রিসোর্স পারসন হিসেবে উপস্থিত থাকবেন। সেই সাথে আপনি বা আপনার একজন প্রতিনিধিকে বিশেষ রিসোর্স পারসন হিসেবে এবং বিএমএড প্রোগ্রাম কর্মকর্তাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। সংশ্লিষ্ট স্টাডি সেন্টারের অধ্যক্ষ/সমন্বয়কারী উক্ত ওরিয়েন্টেশন প্রোগ্রামে সভাপতিত্ব করবেন।

উল্লেখ্য যে, রংপুর আঞ্চলিক কেন্দ্রাধীন মুলাটোল মদিনাতুল উলুম কামিল(এমএ) মাদ্রাসা, রংপুর স্টাডি সেন্টারে আঞ্চলিক পরিচালকের প্রতিনিধি হিসেবে অধ্যাপক ড. মো: আবু তালেব, পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি বিশেষ রিসোর্স পারসন হিসেবে এবং ঢাকা আঞ্চলিক কেন্দ্রাধীন বিএমটিটিআই, গাজীপুর স্টাডি সেন্টারে আঞ্চলিক পরিচালকের প্রতিনিধি হিসেবে জনাব মো: আব্দুল করিম, যুগ্ম-পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি বিশেষ রিসোর্স পারসন হিসেবে এবং জনাব মো: নজরুল ইসলাম, সেকশন অফিসার, স্কুল অব এডুকেশন, বাউবি প্রোগ্রাম কর্মকর্তার প্রতিনিধি হিসেবে উপস্থিত থেকে দায়িত্ব পালন করবেন।

ওরিয়েন্টেশন প্রোগ্রামের সভাপতি, প্রধান রিসোর্স পারসন, বিশেষ রিসোর্স পারসন, প্রোগ্রাম কর্মকর্তা এবং সংশ্লিষ্ট সিমেন্টারের (১ম সিমেন্টার ২০২৫ ব্যাচ) অংশগ্রহণকারী টিউটরগণ এবং কর্মচারীদের জন্য নির্ধারিত হারে সম্মানী প্রদানের ব্যবস্থা রয়েছে। এছাড়া ওরিয়েন্টেশন প্রোগ্রামের ব্যানার তৈরি, মঞ্চ সজ্জা এবং শিক্ষার্থীসহ সংশ্লিষ্ট সবার আপ্যায়নের জন্য নির্দিষ্ট হারে অর্থ বরাদ্দ রয়েছে।

উল্লেখ্য, যারা সম্মানী গ্রহণ করবেন তাদের সবাইকে সর্বশেষ ট্যাক্স রিটার্ন জমার প্রাপ্তিস্বীকার এর ফটোকপি বা অনলাইন ভেরিফাইড কপি প্রদান করতে হবে।

ধন্যবাদান্তে



৫.৩.২৫

অধ্যাপক ড. লাভলী আখতার ডল

ডিন, স্কুল অব এডুকেশন

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

গাজীপুর- ১৭০৫।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি:

১। পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি, গাজীপুর।

২। অধ্যক্ষ/সমন্বয়কারী, বাউবি পরিচালিত বিএমএড স্টাডি সেন্টার,।

ওরিয়েন্টেশন প্রোগ্রাম আয়োজনের যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক সংশ্লিষ্ট টিউটরগণকে অবহিত করার জন্য অনুরোধ করা হল।

৩। পরিচালক, আইসিটি বিভাগ, বাউবি। বিএমএড প্রোগ্রামের ২০২৫ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদেরকে মোবাইলে 'এসএমএস' এর মাধ্যমে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করছি।

✓ ৪। পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি। পত্রটি বাউবির ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করছি।

৫। সংরক্ষণ নথি।

"বাউবির দীক্ষা: সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা"

Gazipur-1705, Bangladesh. ☎: 02996691107, PABX: 09666730730, Ext. 605

D:\SoE\Division Folder\RRC Letter (T)

